অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্রমবর্ধমান ঘন ঘন এবং অস্বাভাবিক বন্যা থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার আইনে স্বাক্ষর করেছেন

আইন (S.5186-A/A.5221-A) এর মাধ্যমে উপকূলরেখাকে স্থিতিশীল করে তোলার জন্য প্রকৃতি-ভিত্তিক সমাধানকে অগ্রাধিকার দেওয়ার জন্য পরিবেশ সংরক্ষণ বিভাগকে সেই মোতাবেক নির্দেশনা প্রদান করা হয়

আইন (A.1967/S.5400) অনুসারে বাড়ি কেনার সময় বন্যাকালীন পরিস্থিতির বিবরণ প্রয়োজন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদের বন্যা থেকে সুরক্ষার আইনে স্বাক্ষর করেছেন যেহেতু ঝড় ক্রমবর্ধমান ঘন ঘন এবং অস্বাভাবিক হয়ে উঠছে। পরিবেশ সংরক্ষণ বিভাগ (S.5186-A/A.5221-A) আইন অনুসারে উপকূল ব্যবস্থাপনার জন্য প্রকৃতি-ভিত্তিক সমাধান সম্পর্কিত অনুমতির নিয়ম এবং নির্দেশিকা বাস্তবায়ন করবে। আইন (A.1967/S.5400) অনুসারে বিক্রেতাদের অবশ্যই যারা বাড়ির ক্রেতা তাদেরকে এটা জানাতে হবে যে বাড়িটি বন্যার ঝুঁকিপূর্ণ কোনো এলাকায় অবস্থিত বা সেখানে আগে কোনো প্রকার বন্যা হয়েছে কিনা। এই আইনটি জলবায়ুর স্থিতিস্থাপকতা এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তার জন্য গভর্নর হোকলের প্রদান করা প্রতিশ্রুতির উপর জোর দেয়।

"জলবায়ু পরিবর্তন এবং অস্বাভাবিক আবহাওয়ার ঘটনাগুলোর প্রভাব থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা প্রদান করতে আমাদের মিশনে আজ একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের অগ্রগতি চিহ্নিত করা হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই আইনটি ভয়াবহ বন্যার জন্য আমাদের সবচেয়ে বড় প্রাকৃতিক বাধা এবং বন্যার দীর্ঘমেয়াদী বিপদ থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত করে এমন প্রাকৃতিক বাসস্থান পুনরুদ্ধার করার জন্য আমাদের যে প্রতিশ্রুতি সেটাকে তুলে ধরে।"

(S.5186-A/A.5221-A) আইনটি পরিবেশ সংরক্ষণ আইন সংশোধন করে যাতে স্টেটে জোয়ারের উপকূলরেখাকে স্থিতিশীল করার জন্য প্রকৃতি-ভিত্তিক সমাধানগুলোর ব্যবহার অনুমোদন এবং সেগুলোতে উৎসাহিত করার জন্য পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর প্রয়োজন হয় এবং এই সম্পর্কিত নিয়ম ও নীতি প্রণয়ন এবং বাস্তবায়ন করার সময় সমাধানগুলো বিবেচনা করা উচিত।

স্টেট সিনেটর শেলি বি. মায়ার বলেন, "হারিকেন আইডা এর পরে, অনেক সংগঠক বন্যার ক্ষতির ফলে আমার কাছে এসেছে। আমার অফিস লোকজনদের সহায়তা করতে পারে তাই আমি খুশি ছিলাম কিন্তু জলবায়ু পরিবর্তনের পদ্ধতিগত প্রভাবের জন্য আরো অনেক কিছু প্রয়োজন। বন্যা এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিপদের বেড়ে যাওয়া ঝুঁকির মুখে আমাদের সক্রিয় পদক্ষেপ গ্রহণ করাটা গুরুত্বপূর্ণ। সক্রিয় উপকূলরেখা বন্যা থেকে সুরক্ষা দিতে পারে, পানির গুণমান উন্নত করতে পারে এবং আমাদের স্থিতিস্থাপকতাকে শক্তিশালী করতে পারে। আমি গভর্নর ক্যাথি হোকলকে এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই। এছাড়াও আমি আমার সহকর্মী অ্যাসেম্বলিম্যান স্টিভ ওটিসকে অ্যাসেম্বলিতে এই আইনটিকে চ্যাম্পিয়ান করার জন্য ধন্যবাদ জানাই এবং এই বিলটিকে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য এবং এই আইনটি নিয়ে আমার অফিসের সাথে কাজ করার মাধ্যমে অনুপ্রাণিত করার জন্য সেভ দ্য সাউন্ড অ্যান্ড রিভারকিপারকে (Save the Sound and Riverkeeper) তাদের কাজের জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার স্টিভেন ওটিস বলেন, "উপকূলীয় স্থিতিস্থাপকতা উন্নত করতে, বন্যার প্রভাব কমাতে, উপকূলীয় ক্ষয় রোধ এবং প্রাকৃতিক আবাসস্থল সুরক্ষিত করার জন্য সক্রিয় উপকূলরেখা নীতিগুলো গুরুত্বপূর্ণ। আমরা গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ, রিভারকিপার, দ্য নেচার কনজারভেন্সি, সেভ দ্য সাউন্ড এবং অন্যান্য পরিবেশগত গ্রুপ সহ সবাইকে এই গুরুত্বপূর্ণ নীতিগুলোকে সমর্থন করার জন্য ধন্যবাদ। এটি উপকূলীয় কমিউনিটির জন্য গুরুত্বপূর্ণ আইন যেটি দৃঢ়তার সাথে নিয়মগুলো অনুসরণ করার প্রয়োজনের সময়ে প্রকৃতি-ভিত্তিক নীতিগুলোকে অগ্রসর করতে সাহায্য করবে।"

(A.1967/S.5400) আইনটি বাড়ি ক্রয় করে এমন ক্রেতাদের জন্য বন্যার ঝুঁকি "জানার অধিকার" প্রতিষ্ঠা করে। পূর্বে বিক্রেতারা বেছে নিতে পারতেন যে ক্রেতা ক্লোজিং এর সময় 500 মার্কিন ডলারের একটি ক্রেডিট পাবেন এবং এতসব জানার প্রয়োজনীয়তা বাদ দেওয়া হয়েছিল। এই আইনটি "ক্রেডিট নীতি"-কে বাতিল করে দেয় এবং বন্যার ঝুঁকি, বন্যা বিষয়ক বিস্তারিত তথ্য এবং প্রকৃত সম্পত্তি লেনদেনের বীমা সম্পর্কিত তথ্য প্রকাশের প্রয়োজনীয়তা রাখে।

স্টেট সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "জলবায়ু সপ্তাহ NYC চলাকালীন আমরা বিশেষভাবে আমাদের স্থানীয় কমিউনিটিগুলোতে জলবায়ু সংকটের বিধ্বংসী প্রভাব সম্পর্কে সচেতন থাকি, যার মধ্যে বন্যার মতো কঠিন আবহাওয়ার ঘটনাও রয়েছে। এই নতুন বাস্তবতার প্রতিক্রিয়া হিসাবে আমাদের বন্যার তথ্য প্রকাশ বিষয়ক আইন আজ স্বাক্ষরিত হচ্ছে যেখানে বন্যার ঝুঁকির তথ্য বাড়ির ক্রেতাদের সরবরাহ করতে হবে এবং তাদের বিস্তারিত তথ্য জানার পর ক্রয় করার জন্য প্রয়োজনীয় উপাদানগুলো প্রদান করতে হবে। জলবায়ু সপ্তাহ চলাকালীন এই আইনে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকল, তাঁর সাথে সিনেটের নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন এবং আমাদের আইনের অ্যাসেম্বলি স্পনসর ববি ক্যারলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি মেম্বার রবার্ট ক্যারল বলেন, "আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার সময় এটি যে ক্ষতি করে যাচ্ছে তার প্রতিক্রিয়া হিসাবে আমাদের ব্যবস্থাও নিতে হবে। আমি গভর্নর হোকলকে আমার A.1967/S.5400 আইনে স্বাক্ষর করতে দেখে আনন্দিত, যা নিউ

ইয়র্কবাসীদের বাড়ি কেনার সময় বন্যার বিরুদ্ধে তাদের বাড়িগুলোকে সর্বোত্তমভাবে সুরক্ষিত করার প্রয়োজনীয় তথ্য নিশ্চিত করার মাধ্যমে সহায়তা করবে।"

রিভারকিপার সিনিয়র ম্যানেজার অফ গর্ভমেন্ট অ্যাফেয়ার্স জেরেমি চেরসন বলেন, "সক্রিয় উপকূলীয় আইন এবং বন্যার ঝুঁকি বিষয়ক তথ্য প্রকাশের আইনে গভর্নর হোকলের স্বাক্ষর নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু স্থিতিস্থাপকতার জন্য একটি বড় পদক্ষেপকে চিহ্নিত করে৷ সক্রিয় উপকূলীয় আইনে জোয়ার-ভাটার স্থানে উপকূলরেখা বরাবর দায়িত্বশীল ব্যবস্থাপনার বিষয়টি চিন্তা করা হয়েছে যেটা নিশ্চিত করতে সহায়তা করবে যে অনুমতি প্রদানের সিদ্ধান্তগুলো প্রাকৃতিক উপকূলরেখাগুলোকে সহায়তা করে যা কমিউনিটির জন্য বন্যা সুরক্ষা প্রদান করার পাশাপাশি বন্যপ্রাণীদের জন্য বাসস্থানগুলোকে সহায়তা প্রদান করবে। বন্যার ঝুঁকি বিষয়ক তথ্য প্রকাশের সাথে নিউ ইয়র্ক আমাদের রিয়েল এস্টেট বাজারে জলবায়ু ঝুঁকি সম্পর্কে স্বচ্ছতা বাড়াবে, বাড়ির ক্রেতাদের তাদের সম্ভাব্য সম্পত্তির বন্যার ঝুঁকি সম্পর্কে তথ্য দিয়ে দক্ষ করে তুলবে। জীববৈচিত্র্য এবং সমৃদ্ধিশীল কমিউনিটির প্রচারে আমাদের উপকূলের গুরুত্ব স্বীকার করার জন্য এবং সেইসাথে জলবায়ু ঝুঁকি বিষয়ক তথ্য প্রকাশের প্রতিশ্রুতিকে স্বীকৃতি দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

সেভ দ্য সাউন্ড ভাইস প্রেসিডেন্ট অব ওয়াটার প্রোটেকশন এর ডেভিড আনসেল বলেন, "বেশ কয়েক বছর কাজ করার পরে, আমরা সক্রিয় উপকূল এবং বন্যা বিষয়ক তথ্য প্রকাশের বিলগুলোকে আইনে পরিণত হতে দেখে রোমাঞ্চিত। গভর্নরের স্বাক্ষর এবং আইনসভায় অপ্রতিরোধ্য সমর্থনের দ্বারা এটা বোঝা যায় যে নিউ ইয়র্কের নেতারা বুঝতে পেরেছেন যে আমাদের অবশ্যই শক্তিশালী ঝড় এবং জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান সমুদ্রপৃষ্ঠের সাথে খাপ খাইয়ে নিতে পদক্ষেপ নিতে হবে। সমুদ্র প্রতিরোধী বাঁধ (সীওয়াল) এর মতো শক্ত কাঠামোর পরিবর্তে স্থানীয় মার্শ ঘাস এবং শেলফিশ রিফের মতো প্রাকৃতিক ফিচারগুলো ব্যবহার করা উপকূলীয় কমিউনিটি, বন্যপ্রাণী এবং পানির গুণমানকে উন্নত করে তোলে। বন্যার ঝুঁকি সম্পর্কে স্বচ্ছতা নিশ্চিত করার বিষয়টি ব্যক্তি এবং কমিউনিটিগুলোকে তাদের ভবিষ্যতের বিষয়ে অভিজ্ঞতা পূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করে। আমরা গভর্নর হোকল এবং বিলের পৃষ্ঠপোষকদের তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই। এখনো আমরা স্বাস্থ্যকর, আরো বেশি স্থিতিস্থাপক উপকূলরেখা এবং কমিউনিটিগুলোতে এই বিলগুলোর প্রতিশ্রুতিতে অঞ্চল জুড়ে অংশীদারদের সাথে কাজ করার জন্য আগ্রহী।"

সিয়েরা ক্লাব আটলান্টিক চ্যাপ্টার কনজারভেশন ডিরেক্টর রজার ডাউনস বলেন,"এতে কোনো সন্দেহ নেই যে জলবায়ু পরিবর্তনের বিপর্যয় নিউ ইয়র্কের উপকূলরেখা এবং অভ্যন্তরীণ জায়গাগুলোকে ক্রমবর্ধমান মারাত্মক বন্যা এবং ঝড়ের ঢেউয়ের মাধ্যমে আঘাত করতে থাকবে। ব্যয়বহুল সামুদ্রিক প্রাচীর দিয়ে আমাদের উপকূলগুলোকে দৃঢ় করে তোলার প্রচেষ্টা কেবল ক্ষয়ের সমস্যাকে আরো বাড়িয়ে তুলবে কারণ হার্ডস্কেপিং আশেপাশের সম্পত্তি, সৈকত এবং বাঁধের অস্থিতিশীলতাকে তীব্র করে তোলে। আমরা সিনেটর মায়ার এবং অ্যাসেম্বলিমেম্বার ওটিসকে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং বন্যার প্রকৃতি-ভিত্তিক সমাধানকে অগ্রাধিকার দেওয়ার জন্য একটি ব্লুপ্রিন্ট তৈরি করার জন্য ধন্যবাদ জানাই। সেই সাথে এই আইনে তাঁর স্বাক্ষর করার মাধ্যমে, গভর্নর হোকল 4.2 বিলিয়ন মার্কিন ডলারের বন্ড অ্যাক্ট এবং নতুন বড় পরিসরের জলাভূমি সুরক্ষা দিয়ে শুরু করে ইকোসিস্টেমের অনুপ্রাণিত স্টুয়ার্ডশিপের একটি উত্তরাধিকার

গড়ে তুলছেন এবং আমরা যদি আমাদেরকে সুরক্ষা প্রদানকারী ইকোসিস্টেমের ট্যাপেস্ট্রি সুরক্ষিত এবং শক্তিশালী করি তাহলে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের জন্য সবচেয়ে স্থিতিস্থাপক হবে এমন একটি চিন্তাধারার মাধ্যমেই দুটোকেই ডিজাইন করা হয়েছে।"

ন্যাচারাল রিসোর্স ডিফেন্স কাউন্সিল অ্যাটর্নি ফর ওয়াটার ইনিশিয়েটিভস জোয়েল স্কাটা বলেন, "অনেক বাড়ির মালিকরা তাদের সম্পত্তিতে বন্যার প্রবণতা সম্পর্কে জানতে পেরেছেন একাধিক দুর্যোগে আক্রান্ত হওয়ার পরে। এই কারণেই এই ঝুঁকিগুলো প্রকাশ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সিদ্ধান্ত এত গুরুত্বপূর্ণ। এই বিলটি বাড়ির ক্রেতাদের তাদের জীবনের সবচেয়ে বড় আর্থিক বিনিয়োগ - তাদের বাড়ি সম্পর্কে বিস্তারিত জেনে সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার মাধ্যমে অনেক দূর এগিয়ে যায়। নিউ ইয়র্কে 2021 সালে, 7,645টি বাড়ি কেনা হয়েছিল যেগুলো পূর্বে বন্যার শিকার হয়েছিল বলে অনুমান করা হয়েছিল; এবং এই বিক্রিত বাড়ির জন্য আনুমানিক বার্ষিক বন্যার ক্ষতির পরিমাণ 23 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি।"

নিউ ইয়র্ক পলিসি অ্যান্ড স্ট্র্যাটেজি ডিরেক্টর ফর দ্য নেচার কনজারভেন্সি জেসিকা অটনি মাহার বলেন, "প্রকৃতি সংরক্ষণকারীরা আইন প্রণয়নের জন্য গভর্নর হোকলের প্রশংসা করে যেটা সৈকত এবং টিলা থেকে মিঠা পানির জলাভূমি এবং লবণাক্ত জলাশয়-আমাদের পরিবর্তিত জলবায়ুতে মানুষ, বন্যপ্রাণী এবং অবকাঠামো রক্ষা করার জন্য প্রকৃতির সাথে কাজ করার গুরুত্বকে স্বীকার করে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে নগর ও শহরে জীবনযাত্রার মান এবং কমিউনিটির নিরাপত্তার উন্নতির জন্য প্রাকৃতিক উপকূলগুলো একটি গুরুত্বপূর্ণ অংশ। নেচার কনজারভেন্সি বিল স্পনসর সিনেটর মেয়ার এবং অ্যাসেম্বলি মেম্বার ওটিসকে এই গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের মনোযোগ এবং নেতৃত্বের জন্য ধন্যবাদ জানায়।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন